

নং-৪৬.৪২.৮৬০০.০০০.১৪.০১৯.১৫.১৪৬৭

২৫ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ
তারিখঃ ২ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ


বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থ বছরে শরীয়তপুর জেলা পরিষদের এডিপি বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ শরীয়তপুর জেলা পরিষদের স্মারক নং- জেপ-শরীয়ত/প্রকৌঃ/খ-১/২০১৭/২০৮, তারিখঃ ১৩/৩/২০১৭।

২০১৬-২০১৭ অর্থ বছরে শরীয়তপুর জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকায় গৃহীত মাননীয় সংসদ সদস্য জনাব বি, এম, মোজাম্মেল হক এর দাখিলকৃত প্রকল্প তালিকার ক্রমিক নং-৮ ও ২৯ এ বর্ণিত প্রকল্প ২টি সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন, ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকায় গৃহীত ক্রমিক নং-১৮ ও ২৪ এ বর্ণিত প্রকল্প ২টি মাটি ভরাট সংক্রান্ত হওয়ায় জেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অসম্মতি জ্ঞাপন করা হলো।

২। ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকায় গৃহীত মাননীয় সংসদ সদস্য জনাব শওকত আলী এর দাখিলকৃত প্রকল্প তালিকার ক্রমিক নং-২ এ বর্ণিত প্রকল্পটি নড়িয়া সরকারী কলেজের মহিলা হোস্টেল উন্নয়ন, ১০,০০,০০০/- (দশ লক্ষ) গৃহীত ক্রমিক নং-৫, ৬, ৭, ৮, ১১, ১২ এ বর্ণিত প্রকল্পসমূহ নড়িয়া মাজেদা হাসপাতালের উন্নয়ন ও নুসার ফিজিওথেরাপী সেন্টারের আসবাবপত্র ক্রয় সংক্রান্ত, ৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকায় গৃহীত ক্রমিক নং-২৩, ২৪, ৩১ ও ৩৪ এ বর্ণিত প্রকল্পসমূহ মাটি ভরাট সংক্রান্ত হওয়ায় জেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাবে অসম্মতি জ্ঞাপন করা হলো।

৩। ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকায় গৃহীত ক্রমিক নং-১৫ এ বর্ণিত প্রকল্পটি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য নির্মাণের বিষয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট এর অধীন ট্রাস্টি বোর্ডের অনুমোদন নেয়া হয়েছে কিনা; না হয়ে থাকলে ট্রাস্টি বোর্ডের অনুমোদন নিয়ে পুনরায় স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


(জুবাইদা নাসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, শরীয়তপুর।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, শরীয়তপুর।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।